# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৪. নিয়ত বা অভিপ্রায়

بَابُ النِّيَّةِ

আরবী

نَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ صَاعِدٍ ، وَجَعْفَرُ بْنُ مُحَمَّدِ بْنِ يَعْقُوبَ الصَّنْدَلِيُّ ، قَالَا : نَا إِبْرَاهِيمُ بْنُ مُجَشِّرٍ ، نَا عُبَيْدَةُ بْنُ حُمَيْدٍ ، حَدَّثَنِي عَبْدُ الْعَزِيزِ بْنُ رُفَيْعٍ وَغَيْرُهُ ، عَنْ تَمِيمِ بْنِ طَرَفَةَ ، عَنِ الضَّحَّاكِ بْنِ قَيْسٍ الْفِهْرِيِّ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يَقُولُ أَنَا خَيْرُ شَرِيكٍ ، فَمَنْ أَشْرَكَ مَعِي شَرِيكًا فَهُوَ لِشَرِيكِي . يَا أَيُّهَا النَّاسُ أَخْلِصُوا أَعْمَالَكُمْ لِلَّهِ عَزَّ وَجَلَّ ؛ فَإِنَّ اللَّهَ لَا يَقْبَلُ إِلَّا مَا أُخْلِصَ لَهُ ، وَلَا تَقُولُوا هَذَا لِلَّهِ وَلِلرَّحِمِ ؛ فَإِنَّهَا لِلرَّحِمِ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ ، وَلَا تَقُولُوا هَذَا لِلَّهِ وَلِوُجُوهِكُمْ ؛ فَإِنَّهَا لِوُجُوهِكُمْ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ

বাংলা

১২৯(৩). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আদ-দাহহাক ইবনে কায়েস আল-ফিহরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মহামহিম আল্লাহ বলেন, আমি উত্তম শরীক। যে ব্যক্তি আমার সাথে অন্য কাউকে শরীক করলো, সে আমার শরীক হলো। হে মানুষ! তোমরা একনিষ্ঠভাবে মহামহিম আল্লাহর সন্তুষ্টি লাভের অভিপ্রায়ে কাজ করো। কেননা যে কাজ একনিষ্ঠভাবে আল্লাহর জন্য করা হয় কেবল সেটাই তিনি গ্রহণ করেন এবং তোমরা এরূপ বলো না, এটা আল্লাহর জন্য এবং এটা রেহেমের জন্য। কেননা এরূপ বললে রেহেমের জন্য হবে, আল্লাহর জন্য তার কিছুই হবে না। আর তোমরা এরূপ বলো না, এটা আল্লাহর জন্য এবং তোমাদের সন্তুষ্টির জন্য। কেননা এরূপ বললে তা তোমাদের সন্তুষ্টির জন্য হবে, আল্লাহর জন্য তার কিছুই হবে না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আদ-দাহহাক ইবনে কায়েস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79918

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন